একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

স্মারক নং ৫৭.১৭.০০০০.২০২.৩১.০০১.২১-২৪৯ তারিখ: ১৮-০১-২০২১ খ্রিঃ

বিজ্ঞপ্তি

কোভিড-১৯ পরিস্থিতিতে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন এইচএসসি (বিএম), এইচএসসি (ভোকেশনাল) এবং ডিপ্লোমা ইন কমার্স শিক্ষাক্রমের একাদশ শ্রেণির বোর্ড চূড়ান্ত পরীক্ষা-২০২০ গ্রহণ করা সম্ভব হয়নি। এ্যাসাইনমেন্ট এর মাধ্যমে প্রতিষ্ঠান হতে তাত্ত্বিক চূড়ান্ত (TF) ও ব্যবহারিক চূড়ান্ত (PF) নম্বর সংগ্রহ করে ফলাফল চূড়ান্তকরণের জন্য কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে। এ প্রেক্ষিতে অংশীজন এবং বিষয় বিশেষজ্ঞদের সমন্বয়ে উল্লিখিত শিক্ষাক্রমের শিক্ষার্থীদের মূল্যায়নের জন্য শুধুমাত্র তাত্ত্বিক বিষয়ের ০২ (দুই) টি এবং ব্যবহারিক সম্বলিত বিষয়ের ০২ (দুই) টি তাত্ত্বিক অংশের এবং ০১ (এক) টি ব্যবহারিক অংশেরসহ মোট ০৩ (তিন) টি করে এ্যাসাইনমেন্টের বিষয়বস্তু প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত এ্যাসাইনমেন্টসমূহ সংশ্লিষ্ট সকলের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্ত বোর্ডের ওয়েবসাইট **www.bteb.gov.bd⇒বিজ্ঞপ্তি⇒'এইচএসসি পর্যায়'** এবং এ্যাসাইনমেন্ট লিংক : **zpp.pw/hscassignment** এ প্রকাশ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো যা অনতিবিলম্বে কার্যকর হবে।

(প্রকৌ. মো: ফরিদ উদ্দিন আহম্মেদ)
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

স্মারক নং ৫৭.১৭.০০০০.২০২.৩১.০০১.২১-২৪৯ তারিখ: ১৮-০১-২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৩। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
৪। পরিচালক (কারিকুলাম/পরিচালক(আইটিসি)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাকাশিবো, ঢাকা।
৫। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (বিএম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
৬। সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
(বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
৭। অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট ....
৮। জনাব ....
৯। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
১০। অফিস নথি।

(মো: আনোয়ার হোসেন মৃধা)
কারিকুলাম বিশেষজ্ঞ (বিএম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

E:\Syllebus Punorbinayas\Upload Note & Order.doc

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

স্মারক নং : ৫৭.১৭.০০০০.২০২.৩১.০০১.২১.২৪৮ তারিখ: ১৮-০১-২০২১খ্রি.

বিষয়: এ্যাসাইনমেন্ট এর মাধ্যমে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন এইচএসসি (বিএম), এইচএসসি (ভোকেশনাল) এবং ডিপ্লোমা ইন কমার্স শিক্ষাক্রমের একাদশ শ্রেণির বোর্ড চূড়ান্ত পরীক্ষা-২০২০ এর ফলাফল প্রক্রিয়াকরণ প্রসঙ্গে।

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৫২.৩৩.০০১.১৭-৩৪১, তারিখ: ২৯/১২/২০২০খ্রি.

উপর্যুক্ত সূত্র ও বিষয়ের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ পরিস্থিতিতে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন এইচএসসি (বিএম), এইচএসসি (ভোকেশনাল) এবং ডিপ্লোমা ইন কমার্স শিক্ষাক্রমের একাদশ শ্রেণির বোর্ড চূড়ান্ত পরীক্ষা-২০২০ গ্রহণ করা সম্ভব হয়নি। এ্যাসাইনমেন্ট এর মাধ্যমে প্রতিষ্ঠান হতে তাত্ত্বিক চূড়ান্ত (TF) ও ব্যবহারিক চূড়ান্ত (PF) নম্বর সংগ্রহ করে ফলাফল চূড়ান্তকরণের জন্য কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর নির্দেশনা রয়েছে। এ প্রেক্ষিতে শিক্ষার্থীদের স্বাস্থ্যঝুঁকি ও স্বাস্থ্য নিরাপত্তার কথা বিবেচনা করে তাদের অর্জিত শিখনফল মূল্যায়ন করার লক্ষ্যে প্রতিটি, শুধুমাত্র তাত্ত্বিক বিষয়ের ০২ (দুই) টি এবং ব্যবহারিক সম্বলিত বিষয়ের ০২ (দুই) টি তাত্ত্বিক অংশের এবং ০১ (এক) টি ব্যবহারিক অংশেরসহ মোট ০৩ (তিন) টি করে এ্যাসাইনমেন্টের বিষয়বস্তু প্রস্তুত করে প্রতি সপ্তাহে ওয়েবসাইট লিংকে আপলোড করা হবে। এ্যাসাইনমেন্টসমূহ নিম্নে উল্লেখিত রুটিন অনুযায়ী নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানে জমা প্রদান করতে হবে।

এ্যাসাইনমেন্ট লিংক : zpp.pw/hscassignment

প্রতিষ্ঠান প্রধান/শিক্ষকদের জন্য নির্দেশনা:

১। শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকগণের স্বাস্থ্যবিধি অনুসরণ ও স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করতে হবে।
২। প্রতিষ্ঠান প্রধান সার্বিক বিষয়টি মনিটর করবেন।
৩। শিক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট মূল্যায়ন কার্যক্রমে সংশ্লিষ্ট বিষয়/ট্রেড/স্পেশালাইজেশনের শিক্ষকসহ প্রয়োজনীয় শিক্ষক-কর্মচারীদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
৪। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড প্রণীত এ্যাসাইনমেন্ট রুটিন অনুসরণ করতে হবে।
৫। প্রতিষ্ঠানে এ্যাসাইনমেন্টসমূহ জমা গ্রহনের রেকর্ড সংরক্ষণ করতে হবে।
৬। প্রতিষ্ঠানে জমাকৃত এ্যাসাইনমেন্টসমূহ বিষয়/ট্রেড/স্পেশালাইজেশনের শিক্ষক মূল্যায়ন করবেন। পরবর্তীতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রণ শাখা হতে নির্দেশিত পদ্ধতিতে নম্বরসমূহ বোর্ডে প্রেরণ করতে হবে।
৭। শিক্ষার্থীর লেখায় তার মৌলিক চিন্তা, কল্পনা ও সৃজনশীলতা প্রতিফলিত হয়েছে কি না শিক্ষক তা বিশেষভাবে লক্ষ্য করবেন।
৮। প্রদত্ত উত্তরে প্রয়োজনীয় তথ্য, ধারণা, সূত্র, ব্যাখ্যা ইত্যাদি পাঠ্যপুস্তকের সঙ্গে সঙ্গতিপূর্ণ হতে হবে।
৯। এ্যাসাইনমেন্টসমূহ পরবর্তীতে যাচাই করার লক্ষ্যে প্রতিষ্ঠানে কমপক্ষে ০১ (এক) বছর সংরক্ষণ করতে হবে।

শিক্ষার্থীদের জন্য নির্দেশনা:

১। এ্যাসাইনমেন্টের মাধ্যমে শিক্ষার্থীদের শিখনফল অর্জনই মূল উদ্দেশ্য। পরবর্তী শ্রেণির পাঠ গ্রহণের ক্ষেত্রে এটি সুবিধা প্রদান করবে।
২। মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষার্থীর স্বকীয়তা ও সৃজনশীলতা যাচাই করা হবে। কোন অবস্থাতেই একজন শিক্ষার্থীর এ্যাসাইনমেন্টের হুবহু কপি অপর জনের এ্যাসাইনমেন্ট হিসেবে গ্রহণযোগ্য হবে না।
৩। শিক্ষার্থীবৃন্দ সাদা কাগজে (A4 সাইজের) স্বহস্তে লিখিত এ্যাসাইনমেন্ট নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে বিষয়/ট্রেড/স্পেশালাইজেশনের শিক্ষকের নিকট জমা দিবে।
৪। কভার পৃষ্ঠায় শিক্ষার্থীর নাম, বোর্ড রোল নং, রেজিঃ নং, সেশন, শ্রেণি, বিষয়/ট্রেড/স্পেশালাইজেশনের নাম (কোডসহ), এ্যাসাইনমেন্টের ক্রমিক নং স্পষ্টভাবে উল্লেখ করতে হবে (কভার পৃষ্ঠার নমুনা এতদসঙ্গে সংযুক্ত)।

অভিভাবকগণের প্রতি পরামর্শ:

১। শিক্ষার্থীদের স্বাস্থ্যবিধি অনুসরণে পরামর্শ দেওয়া।
২। শিক্ষার্থীদের এ্যাসাইনমেন্টের মাধ্যমে মূল্যায়ন প্রক্রিয়া মূলত তাদের শিখন অর্জন যাচাই এবং কোন্ কোন্ ক্ষেত্রে শিখনের ঘাটতি হয়েছে তা নিরূপন করা। তাই শিক্ষার্থী যেন নিজ হাতে এ কার্যক্রমে অংশগ্রহণ করে সে বিষয়ে উৎসাহী করে তোলা।
৩। এ্যাসাইনমেন্ট তৈরির সময় শিক্ষার্থী যেন অন্য কারও লেখা থেকে হুবহু নকল না করে তা লক্ষ্য করা।
৪। এ্যাসাইনমেন্ট রুটিন অনুসরণ করে শিক্ষার্থীরা যেন নির্দিষ্ট তারিখে নিজ প্রতিষ্ঠানে এ্যাসাইনমেন্ট জমা প্রদান করে তা নিশ্চিত করা।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

এইচএসসি (বিএম), এইচএসসি (ভোকেশনাল) এবং ডিপ্লোমা ইন কমার্স শিক্ষাক্রমের একাদশ শ্রেণির বোর্ড চূড়ান্ত পরীক্ষা-২০২০ এর ফলাফল প্রক্রিয়াকরণের

এ্যাসাইনমেন্ট রুটিন

			বিষয়/স্পেশালাইজেশন/ট্রেড				
ক্র. নং	আপলোড ক্রম	তারিখ	এইচএসসি (বিএম)	ডিপ্লোমা ইন কমার্স	এইচএসসি (ভোকেশনাল)	এ্যাসাইনমেন্ট প্রতিষ্ঠানে জমার তারিখ	মন্তব্য
১।	১ম আপলোড	২০/০১/২১	১. বাংলা-১ ২. ইংরেজি-১	১. বাংলা-১ ২. ইংরেজি-১	১. বাংলা-১ ২. ইংরেজি-১	২৭/০১/২১	
২।	২য় আপলোড	২৭/০১/২১	১. কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন-১ ২. ব্যবসায় গণিত ও পরিসংখ্যান	১. কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন-১ ২. হিসাব বিজ্ঞান	১. উচ্চতর গণিত-১ ২. পদার্থ বিজ্ঞান- ১	০৩/০২/২১	
৩।	৩য় আপলোড	০৩/০২/২১	১. হিসাব বিজ্ঞান নীতি ও প্রয়োগ-১ ২. অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল	১. ব্যাংকিং ও বীমা ২. অফিস ম্যানেজমেন্ট ও অটোমেশন	১. রসায়ন বিজ্ঞান -১ ২. কম্পিউটার এ্যাপ্লিকেশন	১০/০২/২১	
৪।	৪র্থ আপলোড	১০/০২/২১	১. ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-১ ২.মার্কেটিং নীতি ও প্রয়োগ- ১	১. বাণিজ্যিক ভূগোল ২.লাইফ স্কিল ডেভেলপমেন্ট	১. ট্রেড-১ (প্রথম পত্র) ২. ট্রেড-২ (প্রথম পত্র)	১৭/০২/২১	
৫।	৫ম আপলোড	১৭/০২/২১	১. নৈর্বচনিক বিষয়- ০১টি ২. ঐচ্ছিক বিষয় - ০১টি (যার জন্য প্রযোজ্য)	১. প্রডাকশন প্লানিং, কন্ট্রোল এন্ড কস্টিং ২. শর্ট হ্যান্ড-১ (বাংলা) (যার জন্য প্রযোজ্য)	১. বিশেষায়িত ঐচ্ছিক বিষয়- ০৩টির যেকোন ০১টি	২৪/০২/২১	

সংযুক্তি : কভার পৃষ্ঠার নমুনা কপি।

১৮/১/২০২১

(ড. মোঃ মোরাদ হোসেন মোল্যা)
চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট,
এইচএসসি (বিএম)/এইচএসসি(ভোক:) / ডিপ্লোমা ইন কমার্স
পরিচালনাকারী সকল প্রতিষ্ঠান

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০২.৩১.০০১.২১.২৪৮ (৭) তারিখঃ ১৮-০১-২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৩। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
৪। পরিচালক (কারিকুলাম/পরিচালক(আইটিসি)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাকাশিবো, ঢাকা।
৫। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (বিএম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
৬। সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
(বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
৭। জনাব ....
৮। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
৭। অফিস নথি।

১৮/১/২১

(প্রকৌ. ফরিদ উদ্দিন আহম্মেদ)
পরিচালক(কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

নমুনা কভার পৃষ্ঠা

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি (বিএম)/ এইচএসসি (ভোকঃ)/ ডিপ্লোমা ইন কমার্স শিক্ষাক্রমের একাদশ শ্রেণির বোর্ড চূড়ান্ত পরীক্ষা-২০২০ এর ফলাফল প্রক্রিয়াকরণ

এ্যাসাইনমেন্ট

নাম :

বোর্ড রোল নং :

বোর্ড রেজিস্ট্রেশন নং :

বোর্ড সেশন :

শ্রেণি :

বিষয়/ট্রেড/স্পেশালাইজেশন (কোডসহ) :

এ্যাসাইনমেন্ট এর ক্রম :

প্রতিষ্ঠানের নাম :